## মঞ্জুরি নং-২১

# ১২৩ - লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ

## মধ্যমেয়াদি ব্যয়

(হাজার টাকায়)

| বিবরণ | বাজেট | প্রক্ষেপণ | |
|---|---|---|---|
| | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| পরিচালন ব্যয় | ৪৩,৪২,০০ | ৪৫,৫৯,০০ | ৪৭,৮৭,০০ |
| উন্নয়ন ব্যয় | ৬,০০,০০ | ৬,৩০,০০ | ৬,৬২,০০ |
| **মোট** | **৪৯,৪২,০০** | **৫১,৮৯,০০** | **৫৪,৪৯,০০** |
| | | | |
| আবর্তক | ৪৬,২৫,৭৭ | ৫০,৫০,৮০ | ৫৩,৩৯,০০ |
| মূলধন | ৩,১৬,২৩ | ১,৩৮,২০ | ১,১০,০০ |
| আর্থিক সম্পদ | ০ | ০ | ০ |
| দায় | ০ | ০ | ০ |
| **মোট** | **৪৯,৪২,০০** | **৫১,৮৯,০০** | **৫৪,৪৯,০০** |

## ১.০ মিশন স্টেটমেন্ট ও প্রধান কার্যাবলি

### ১.১ মিশন স্টেটমেন্ট

আইনি কাঠামোকে শক্তিশালী ও যুগোপযোগী করার মাধ্যমে আইনের শাসন প্রতিষ্ঠা এবং মানবাধিকার পরিস্থিতির উন্নয়নে সহায়তা করা।

### ১.২ প্রধান কার্যাবলি

১.২.১ আইন প্রণয়নের প্রস্তাব হতে উদ্ভূত সকল আইনি ও সাংবিধানিক প্রশ্নে এবং সংবিধান ও উক্ত প্রস্তাবের সাথে সম্পর্কিত আন্তর্জাতিক আইনসমূহের যে কোন ব্যাখ্যার ক্ষেত্রে সকল মন্ত্রণালয়, বিভাগ ও দপ্তরকে পরামর্শ প্রদান;

১.২.২ সকল প্রকার বিল, অধ্যাদেশ, সাংবিধানিক আদেশ, সংবিধিবদ্ধ আদেশ, বিধি, প্রবিধি, উপ-আইন, রেজুলেশন, প্রজ্ঞাপনের খসড়া প্রণয়ন, নিরীক্ষা ও মতামত প্রদান;

১.২.৩ আন্তর্জাতিক ট্রিটি, কনভেনশন ও আন্তর্জাতিক আইনগত বিষয়াদি এবং ট্রিটি, চুক্তি ইত্যাদি হতে উদ্ভূত আন্তর্জাতিক সালিশের বিষয়াদিতে মতামত ও সুপারিশ প্রদান;

১.২.৪ আইন এবং অন্যান্য সংবিধিবদ্ধ বিধি ও আদেশের অনুবাদকরণ;

১.২.৫ সরকারের আইন প্রকাশনার গ্রন্থস্বত্ব এবং আইনের গ্রন্থস্বত্ব সংক্রান্ত প্রশাসনিক দায়িত্ব পালন;

১.২.৬ আইন, অধ্যাদেশ, সাংবিধানিক আদেশ, অন্যান্য সংবিধিবদ্ধ আদেশ, বিধি, প্রবিধি এবং অন্যান্য আইনগত দলিলের প্রকাশনা এবং আইনের সংকলন, একত্রীকরণ, অভিযোজন ও প্রায়োগিক সংশোধন এবং অনুদিত নির্ভরযোগ্য পাঠ প্রকাশ;

১.২.৭ মানবাধিকার ও মানবাধিকার কমিশন সম্পর্কিত বিষয়াদি, ন্যায়পালের দপ্তর, আইন কমিশন এবং নির্বাচন কমিশন সংশ্লিষ্ট আইন-প্রণয়ন সম্পর্কিত সকল বিষয়ে সহায়তা প্রদান; এবং

১.২.৮ আইন সংস্কার সম্পর্কিত বিষয়াদিতে সহায়তা ও সমন্বয় করা।

## ২.০ মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য ও কার্যক্রমসমূহ

| মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য | কার্যক্রমসমূহ | বাস্তবায়নকারী অধিদপ্তর/সংস্থা |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ১. সরকারের মন্ত্রণালয়/বিভাগ, অন্যান্য প্রতিষ্ঠানকে পরামর্শ প্রদানের মাধ্যমে আইনি বিষয়সমূহ সুসংহতকরণ | • বাংলাদেশ কোড হালনাগাদকরণ এবং এর প্রকাশনা<br>• সকল বিধি ও প্রবিধি সংকলন, হালনাগাদকরণ এবং প্রকাশ<br>• বিভিন্ন আইন বাতিল কিংবা সংশোধনের প্রেক্ষিতে অন্য আইনে এতদসংশ্লিষ্ট বিদ্যমান বিধানসমূহকে Referential হিসেবে হালনাগাদকরণ | • সচিবালয় |
| | • যে সকল আইনের ধারা দ্রুত মামলা নিষ্পত্তিতে অন্তরায় হিসেবে কাজ করে তা পরীক্ষা-নিরীক্ষান্তে সংশোধন বা ক্ষেত্রমত নতুন আইন প্রণয়নে সুপারিশ করা | • আইন কমিশন |
| ২. রাষ্ট্রের আইনি কাঠামোর উন্নয়ন | • সকল প্রকার বিল, অধ্যাদেশ, সংবিধিবদ্ধ আদেশ, সাংবিধানিক আদেশ, এগ্রিমেন্ট, আন্তর্জাতিক চুক্তি, প্রবিধি ও বিধি নিরীক্ষাপূর্বক এগুলোর খসড়া প্রণয়ন ও মতামত প্রদান<br>• ইংরেজিতে এবং বাংলায় প্রণীত আইনসমূহ অগ্রাধিকার ভিত্তিতে যথাক্রমে বাংলা ও ইংরেজিতে ভাষান্তর | • সচিবালয় |
| ৩. দেশে মানবাধিকার সংরক্ষণ ও উন্নয়ন | • মানবাধিকার সংরক্ষণ ও উন্নয়নের লক্ষ্যে মৌলিক অধিকার পরিপন্থী আইন বাতিল ও প্রয়োজনীয় আইন এবং প্রশাসনিক নির্দেশনা প্রণয়নের বিষয়ে সরকারকে পরামর্শ ও সহযোগিতা প্রদান এবং মৌলিক মানবাধিকার বাস্তবায়নের জন্য আইন প্রণয়নের সুপারিশ করা<br>• মানবাধিকার বিষয়ক চুক্তি ও অন্যান্য আন্তর্জাতিক দলিলাদির উপর গবেষণা এবং বাংলাদেশের আইনের সাদৃশ্য পরীক্ষা ও সমন্বয় নিশ্চিত করা<br>• মানবাধিকার শিক্ষার প্রচার ও প্রকাশনা এবং মানবাধিকার সংরক্ষণ সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধির কার্যক্রম গ্রহণ<br>• মানবাধিকার সংক্রান্ত অভিযোগ তদন্ত ও নিষ্পত্তি | • জাতীয় মানবাধিকার কমিশন |

## ৩.০ দারিদ্র্য নিরসন ও নারী উন্নয়ন সংক্রান্ত তথ্য

### ৩.১ দারিদ্র্য নিরসন ও নারী উন্নয়নের উপর মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্যসমূহের প্রভাব

#### ৩.১.১ সরকারের মন্ত্রণালয়/বিভাগ, অন্যান্য প্রতিষ্ঠানকে পরামর্শ প্রদানের মাধ্যমে আইনি বিষয়সমূহ সুসংহতকরণ

**দারিদ্র্য নিরসনের উপর প্রভাব:** আইনগত পরামর্শ সুবিচার প্রতিষ্ঠায় সহায়ক হবে বিধায় দারিদ্র্য নিরসন সহজতর হবে।

**নারী উন্নয়নের উপর প্রভাব:** আইনগত পরামর্শ নারী উন্নয়নে প্রত্যক্ষ ভূমিকা না রাখলেও আইনি সহায়তার প্রভাব নারীর উন্নয়ন ও নিরাপত্তা নিশ্চিতকরণে সহায়ক হবে।

#### ৩.১.২ রাষ্ট্রের আইনি কাঠামোর উন্নয়ন

**দারিদ্র্য নিরসনের উপর প্রভাব:** সকলের জন্য আইনের সহজ অভিগম্যতা (Access) নিশ্চিত করা গেলে আইনের শাসন সুপ্রতিষ্ঠিত করা সহজতর হবে, যা দারিদ্র্য বিমোচনে সহায়ক ভূমিকা পালন করবে।

**নারী উন্নয়নের উপর প্রভাব:** আইনের শাসন সুপ্রতিষ্ঠিত হলে নারী সমাজ এর সুফল পাবে।

### ৩.১.৩ দেশে মানবাধিকার সংরক্ষণ ও উন্নয়ন

**দারিদ্র্য নিরসনের উপর প্রভাব:** মানবাধিকার সংরক্ষণ ও উন্নয়ন করা গেলে সুশাসন প্রতিষ্ঠিত হবে, যা দারিদ্র্য নিরসনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

**নারী উন্নয়নের উপর প্রভাব:** মানবাধিকার সংরক্ষণ ও উন্নয়ন নারী অধিকারকে সমুন্নত করবে, ফলে নারী উন্নয়নে যথেষ্ট ইতিবাচক প্রভাব পড়বে।

## ৩.২ দারিদ্র্য নিরসন ও নারী উন্নয়ন সম্পর্কিত বরাদ্দ

(হাজার টাকায়)

| বিবরণ | বাজেট | প্রক্ষেপণ | |
|---|---|---|---|
| | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| দারিদ্র্য নিরসন | ৩৬,৭২,৯৮ | ৪০,৫৪,৪৬ | ৪০,৫৪,৪৬ |
| নারী উন্নয়ন | ১৭,৩০,৮৪ | ১৯,৫৬,৫২ | ১৯,৫৬,৫২ |

## ৪.১ অগ্রাধিকার ব্যয়খাত/কর্মসূচিসমূহ (Priority Spending Areas/Programmes)

| অগ্রাধিকার ব্যয়খাত/কর্মসূচিসমূহ | সংশ্লিষ্ট মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য |
|---|---|
| **১. যে কোন নতুন অথবা পুরাতন আইন বা আইনগত দলিল প্রণয়ন/সংশোধনের ক্ষেত্রে প্রণীত খসড়ার উপর মতামত প্রদান**<br>সরকার প্রয়োজনে নতুন অথবা পুরাতন আইন বা আইনগত দলিল প্রণয়ন/সংশোধনের উদ্যোগ গ্রহণ করে থাকে। আইনের প্রস্তাবনা অপর কোন আইনের সাথে সাংঘর্ষিক হচ্ছে কিনা এবং ভেটিংয়ের মান একটি পর্যায়ে নিয়ন্ত্রণ রাখার লক্ষ্যে সকলকে বাধ্যতামূলকভাবে লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের মতামত নিতে হয় বিধায় এ কার্যক্রমকে সর্বোচ্চ অগ্রাধিকার কর্মসূচি হিসেবে বিবেচনা করা হয়েছে। | • রাষ্ট্রের আইনি কাঠামোর উন্নয়ন |
| **২. লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের সক্ষমতা অর্জন**<br>সুশাসন প্রতিষ্ঠা এবং আইন সংস্কারের কাজ ত্বরান্বিত করার লক্ষ্যে গঠিত এ বিভাগের সক্ষমতা বৃদ্ধি করা অত্যন্ত গুরুত্বপূর্ণ। সেকারণে কর্মকর্তাদের প্রশিক্ষণ, জনবল বৃদ্ধি, অফিস সরঞ্জাম সংগ্রহ, আধুনিক ও অনলাইন প্রযুক্তিভিত্তিক পাঠাগার স্থাপনকে এ বিভাগের দ্বিতীয় অগ্রাধিকার খাত হিসেবে চিহ্নিত করা হয়েছে। | • রাষ্ট্রের আইনি কাঠামোর উন্নয়ন |
| **৩. বাংলাদেশ কোড হালনাগাদ করা ও প্রকাশনা এবং বিধি, প্রবিধি ইত্যাদি সংকলন ও প্রকাশনা**<br>বিগত ১৭৯৯ সাল হতে ২০২৩ সাল পর্যন্ত প্রণীত আইনসমূহ হালনাগাদপূর্বক ৪৭টি ভলিউমে ‘বাংলাদেশ কোড’ আকারে প্রকাশিত হয়েছে। ইতোমধ্যে কোডভুক্ত বহু আইনের সংশোধনী এসেছে। এ ছাড়াও প্রায় শতাধিক নতুন আইন প্রণীত হয়েছে। সেকারণে বাংলাদেশ কোড হালনাগাদ করে প্রকাশের বিষয়কে অগ্রাধিকার দেয়া হয়েছে। এছাড়া বিধি, প্রবিধি ইত্যাদি সংকলন ও প্রকাশনার বিষয়ও অগ্রাধিকারের অন্তর্ভুক্ত করা হয়েছে। | • সরকারের মন্ত্রণালয়/বিভাগ, অন্যান্য প্রতিষ্ঠানকে পরামর্শ প্রদানের মাধ্যমে আইনি বিষয়সমূহ সুসংহতকরণ<br>• রাষ্ট্রের আইনি কাঠামোর উন্নয়ন |
| **৪. আইনের ভাষান্তর**<br>ইংরেজিতে প্রণীত সকল আইন বাংলায় এবং বাংলায় প্রণীত আইনসমূহ বিশেষত বাণিজ্য এবং বিদেশি বিনিয়োগ আকৃষ্ট করার জন্য ইংরেজিতে অনুবাদের কার্যক্রম গ্রহণ করা হয়। এ বিবেচনায় এ সংক্রান্ত ব্যয়কে অগ্রাধিকার দেয়া হয়েছে। | • রাষ্ট্রের আইনি কাঠামোর উন্নয়ন |

## ৪.২ মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন ও প্রক্ষেপণ (২০২৬-২৭ হতে ২০২৮-২৯)

### ৪.২.১ দপ্তর/সংস্থা/প্রাতিষ্ঠানিক ইউনিটওয়ারী ব্যয়

(হাজার টাকায়)

| বিবরণ | বাজেট | সংশোধিত বাজেট | বাজেট ২০২৬-২৭ | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|---|
| | ২০২৫-২৬ | | | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| সচিবালয়, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ | ৪০,২৪,০০ | ৪১,৫৪,১৩ | ৪২,৮৩,০০ | ৪৫,৩৯,০০ | ৪৭,৪৯,০০ |
| আইন কমিশন | ৬,৫১,০০ | ৬,০৮,৭২ | ৬,৫৯,০০ | ৬,৫০,০০ | ৭,০০,০০ |
| **সর্বমোট :** | **৪৬,৭৫,০০** | **৪৭,৬২,৮৫** | **৪৯,৪২,০০** | **৫১,৮৯,০০** | **৫৪,৪৯,০০** |

### ৪.২.২ অর্থনৈতিক গ্রুপ কোড অনুযায়ী ব্যয়

(হাজার টাকায়)

| অর্থনৈতিক গ্রুপ কোড | বিবরণ | বাজেট | সংশোধিত বাজেট | বাজেট ২০২৬-২৭ | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|---|---|
| | | ২০২৫-২৬ | | | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| | **আবর্তক ব্যয়** | | | | | |
| ৩১১১ | নগদ মজুরি ও বেতন | ১৯,৩৪,৮৫ | ১৯,৬৮,০৫ | ২০,১৩,৪২ | ২১,৪৯,৫৫ | ২২,৬২,৪৫ |
| ৩২১১ | প্রশাসনিক ব্যয় | ৩,১৪,৮০ | ৪,০৩,৪০ | ২,৮০,৯০ | ৩,১৮,৩৫ | ৩,০৩,২৫ |
| ৩২২১ | ফি, চার্জ ও কমিশন | ৩,০০ | ৩,০০ | ১,০০ | ৩,০০ | ৫,০০ |
| ৩২৩১ | প্রশিক্ষণ | ১,৭৪,০০ | ২,০২,০০ | ২,৮৬,২০ | ৬,২২,০০ | ৮,০৭,৬০ |
| ৩২৪৩ | পেট্রোল, অয়েল ও লুব্রিকেন্ট | ১,১৫,০০ | ১,১৭,০০ | ১,১৪,০০ | ১,২৫,০০ | ১,২২,০০ |
| ৩২৪৪ | ভ্রমণ ও বদলি | ৬৮,৬০ | ৪৪,১০ | ৩৯,৮০ | ৪৫,৮০ | ৫৯,৩০ |
| ৩২৫৫ | মুদ্রণ ও মনিহারি | ১,২১,৫১ | ১,৪১,০১ | ১,৪৯,৩০ | ১,২৩,০০ | ১,৫৯,৯০ |
| ৩২৫৬ | সাধারণ সরবরাহ ও কাঁচামাল সামগ্রী | ৮,০০ | ৮,০০ | ৭,০০ | ৯,০০ | ৮,৯০ |
| ৩২৫৭ | পেশাগত সেবা, সম্মানী ও বিশেষ ব্যয় | ৩,২৯,৫০ | ৩,২৮,০০ | ৩,৭৩,০০ | ২,৫৭,০০ | ২,২৪,৪০ |
| ৩২৫৮ | মেরামত ও সংরক্ষণ | ১,১৪,৩৫ | ১,২০,৫০ | ১,৩৮,৫৫ | ১,৬৯,০০ | ১,৬২,১০ |
| ৩৬৩১ | আবর্তক অনুদান | ১১,৫২,৩০ | ৯,৭৮,৮০ | ১১,২২,০০ | ১১,৭০,০০ | ১১,৬২,৪৫ |
| ৩৬৩২ | মূলধন অনুদান | ৮২,০০ | ৭৭,০০ | ৮৭,০০ | ৩০,০০ | ৫৭,৫৫ |
| ৩৮২১ | আবর্তক স্থানান্তর যা অন্যত্র শ্রেণিবদ্ধ নয় | ৪,৫০ | ৫০ | ১০ | ১০ | ১০ |
| ৩৯১১ | সংরক্ষিত | ১৬,৫৭ | ০ | ১৩,৫০ | ২৯,০০ | ৪,০০ |
| | **মোট : - আবর্তক ব্যয়** | **৪৪,৩৮,৯৮** | **৪৩,৯১,৩৬** | **৪৬,২৫,৭৭** | **৫০,৫০,৮০** | ৫৩,৩৯,০০ |
| | **মূলধন ব্যয়** | | | | | |
| ৪১১১ | ভবন ও স্থাপনাসমূহ | ৬,০০ | ০ | ০ | ১০ | ১০ |
| ৪১১২ | যন্ত্রপাতি ও সরঞ্জামাদি | ২,৩০,০২ | ২,৫১,৪৯ | ৮৬,২৩ | ১,৩৮,১০ | ১,০৯,৯০ |
| ৪১৪১ | ভূমি | ০ | ১,২০,০০ | ২,০০,০০ | ০ | ০ |
| ৪৯১১ | সংরক্ষিত | ০ | ০ | ৩০,০০ | ০ | ০ |
| | **মোট : - মূলধন ব্যয়** | **২,৩৬,০২** | **৩,৭১,৪৯** | **৩,১৬,২৩** | **১,৩৮,২০** | ১,১০,০০ |
| | **সম্পদ** | | | | | |
| ৭২১৫ | ঋণ | ০ | ০ | ০ | ০ | ০ |
| | **মোট : - সম্পদ** | **০** | **০** | **০** | **০** | ০ |
| | **সর্বমোট :** | **৪৬,৭৫,০০** | **৪৭,৬২,৮৫** | **৪৯,৪২,০০** | **৫১,৮৯,০০** | ৫৪,৪৯,০০ |

## ৫.০ মন্ত্রণালয়/বিভাগের প্রধান কর্মকৃতি নির্দেশকসমূহ (Key Performance Indicators)

| নির্দেশক | সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ১. আইন, অধ্যাদেশ ও বিধি-প্রবিধির উপর মতামত | | | | | | | | | |
| ক. আইনের মতামত | ২ | % | ৯৬ | ৮৮ | ৯৮ | ৯৮ | ৯৯ | ১০০ | ১০০ |
| খ. অধ্যাদেশের মতামত | ২ | % | ৯৮ | ৯৫ | ৯৯ | ৯৯ | ১০০ | ১০০ | ১০০ |
| গ. বিধি-প্রবিধির মতামত | ২ | % | ১০০ | ৮৮ | ৯০ | ৯৫ | ৯৬ | ৯৮ | ১০০ |
| ২. বিদ্যমান আইন সংশোধন অথবা নতুন আইন প্রণয়নের সুপারিশ | ১ | % | ৯৮ | ৮৪ | ৯০ | ৯৫ | ৯৮ | ১০০ | ১০০ |
| ৩. ইংরেজি ও বাংলা ভাষায় আইন প্রকাশনা | ২ | % | ৯৭ | ৮৫ | ৯০ | ৯৫ | ৯৮ | ৯৯ | ১০০ |
| ৪. মানবাধিকার বিষয়ক প্রতিকার সহায়তা | ৩ | % | ৯৫ | ৮৭ | ৯৯ | ৯৯ | ১০০ | ১০০ | ১০০ |

মোট কাজের মধ্যে সম্পাদিত কাজের পরিমাণ শতকরা হারে দেখানো হয়েছে।

## ৬.০ অধিদপ্তর/সংস্থার সাম্প্রতিক অর্জন, কার্যক্রমসমূহ এবং ফলাফল নির্দেশক ও লক্ষ্যমাত্রা এবং ব্যয় প্রাক্কলন

### ৬.১ সচিবালয়

৬.১.১ **সাম্প্রতিক অর্জন:** রাষ্ট্রের সুসংহত আইনি কাঠামো বিনির্মাণ এবং অর্থনৈতিক প্রবৃদ্ধির ক্ষেত্রে লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। সে লক্ষ্যে এ বিভাগ কর্তৃক বাংলাদেশ কোড হালনাগাদকরণ এবং উহার প্রকাশনা, সকল বিধি ও প্রবিধি সংকলন, হালনাগাদ এবং প্রকাশ, প্রণীত আইনসমূহ যথাক্রমে বাংলা ও ইংরেজিতে ভাষান্তর এবং সকল প্রকার আইন, অধ্যাদেশ, সাংবিধানিক আদেশ, সংবিধিবদ্ধ আদেশ, বিধি, প্রবিধি, আন্তর্জাতিক চুক্তি, এগ্রিমেন্ট ইত্যাদির খসড়া প্রণয়ন, নিরীক্ষা ও মতামত প্রদানের বিষয়ে যথাযথ কার্যক্রম গ্রহণ করা হয়েছে। ১৭৯৯ সাল হতে ২০২৩ পর্যন্ত প্রণীত আইনসমূহ হালনাগাদপূর্বক ৪৭টি ভলিউমে ‘বাংলাদেশ কোড’ আকারে প্রকাশ করা হয়েছে। সম্প্রতি প্রায় ৯০০টি ভেটিং সম্পন্ন হয়েছে। সকলের জন্য আইনের সহজ অভিগম্যতা (Access) নিশ্চিত করার লক্ষ্যে এ বিভাগের ওয়েব সাইটে (www.legislativediv.gov.bd) সকল আইন হালনাগাদ করা হয়েছে। এর ফলে জনগণের কাছে দেশের সকল আইন সহজলভ্য হয়েছে এবং আইনের সর্বশেষ অবস্থা সহজেই জনগণ জানতে পারছেন।

#### ৬.১.২ কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক এবং নির্দেশকের লক্ষ্যমাত্রা

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১. বাংলাদেশ কোড হানাগাদকরণ এবং এর প্রকাশনা | বাংলাদেশ কোডে অন্তর্ভুক্ত নতুন আইন | ১ | সংখ্যা | ৫০ | ৪৭ | ৬৫ | ৬৬ | ৬৮ | ৭০ | ৭৫ |
| ২. সকল বিধি ও প্রবিধি সংকলন, হালনাগাদকরণ এবং প্রকাশ | হালনাগাদকৃত এবং প্রকাশিত নতুন বিধি ও প্রবিধিসমূহ | ১ | সংখ্যা | ৬৫০ | ৪৯৮ | ৫৫৫ | ৫৫৮ | ৫৬০ | ৫৮০ | ৫৯০ |

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ৩. বিভিন্ন আইন বাতিল কিংবা সংশোধনের প্রেক্ষিতে অন্য আইনে এতদ্‌সংশ্লিষ্ট বিদ্যমান বিধানসমূহকে Referential হিসেবে হালনাগাদকরণ | ব্যবহার উপযোগী আইন | ১ | সংখ্যা | ৭৯০ | ৬৫৫ | ৭৬০ | ৭৬৫ | ৭৭০ | ৭৮০ | ৭৯০ |
| ৪. সকল প্রকার বিল, অধ্যাদেশ, সংবিধিবদ্ধ আদেশ, সাংবিধানিক আদেশ, এগ্রিমেন্ট, আন্তর্জাতিক চুক্তি, প্রবিধি ও বিধি নিরীক্ষাপূর্বক এগুলোর খসড়া প্রণয়ন ও মতামত প্রদান | প্রদত্ত মতামত | ২ | % | ৯৯ | ৮৮ | ৯৯ | ৯৯ | ১০০ | ১০০ | ১০০ |
| ৫. ইংরেজিতে এবং বাংলায় প্রণীত আইনসমূহ অগ্রাধিকার ভিত্তিতে যথাক্রমে বাংলা ও ইংরেজিতে ভাষান্তর | আইনসমূহের প্রণীত অনুবাদ | ২ | সংখ্যা | ৫৮ | ৪৫ | ৭০ | ৭২ | ৮০ | ৮৫ | ৮৬ |

## ৬.১.৩ অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পওয়ারি মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন

(হাজার টাকায়)

| অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | প্রকৃত ২০২৪-২৫ | বাজেট | সংশোধিত বাজেট | মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| পরিচালন কার্যক্রম | | | | | | | |
| সাধারণ কার্যক্রম | | | | | | | |
| ১২৩০১০১ - সচিবালয়, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ | ১-৫ | ১৪,৬২,২৯ | ২১,৩৩,৫৮ | ২১,২২,২১ | ২০,৮৬,০০ | ২৪,৬৯,০০ | ২৫,২৩,০০ |
| মোট : সাধারণ কার্যক্রম | | **১৪,৬২,২৯** | **২১,৩৩,৫৮** | **২১,২২,২১** | **২০,৮৬,০০** | **২৪,৬৯,০০** | **২৫,২৩,০০** |
| বিশেষ কার্যক্রম | | | | | | | |
| ১২০০১৭১০১ - জাতীয় ঐকমত্য কমিশন | | ০ | ১,২১,৫২ | ২,২১,৫২ | ০ | ০ | ০ |
| ১২০০১৭৪০১ - লেজিসলেটিভ প্রশিক্ষণ ও গবেষণা | ১-৩ | ০ | ০ | ২,২০,০০ | ৩,৫০,০০ | ২,০০,০০ | ৩,০০,০০ |
| ১২৭০০২৩০১ - এশিয়া প্যাসিফিক ফোরাম | ১-৫ | ১,৬৮ | ২,৬০ | ২,৬০ | ৩,০০ | ৩,০০ | ৪,০০ |
| ১২৭০২১৭০১ - আন্তর্জাতিক অপরাধ আদালত | ১-৫ | ২৩,৪৮ | ৩২,০০ | ৩২,০০ | ৩৫,০০ | ৩৭,০০ | ৪০,০০ |
| মোট : বিশেষ কার্যক্রম | | **২৫,১৬** | **১,৫৬,১২** | **৪,৭৬,১২** | **৩,৮৮,০০** | **২,৪০,০০** | **৩,৪৪,০০** |
| মোট : পরিচালন কার্যক্রম | | **১৪,৮৭,৪৫** | **২২,৮৯,৭০** | **২৫,৯৮,৩৩** | **২৪,৭৪,০০** | **২৭,০৯,০০** | **২৮,৬৭,০০** |
| উন্নয়ন কার্যক্রম | | | | | | | |
| বার্ষিক উন্নয়ন কর্মসূচি | | | | | | | |
| ২২১০০০১২৩ - লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়-এর অননুমোদিত প্রকল্পের জন্য সংরক্ষিত | ২,৩,৫ | ০ | ০ | ০ | ৩০,০০ | ০ | ০ |
| ২২৪৩৫৯৬০০ - *আইন প্রণয়নের সক্ষমতা বৃদ্ধি এবং আইন বিষয়ে জনসচেতনতা সৃষ্টি (০১/০৭/২০২২ - ৩০/০৬/২০২৬) অনুমোদিত | - | ২,৩৭,৯০ | ৫,০০,০০ | ৫,০০,০০ | ৫,৭০,০০ | ৬,৩০,০০ | ৬,৬২,০০ |
| মোট : বার্ষিক উন্নয়ন কর্মসূচি | | **২,৩৭,৯০** | **৫,০০,০০** | **৫,০০,০০** | **৬,০০,০০** | **৬,৩০,০০** | **৬,৬২,০০** |
| মোট : উন্নয়ন কার্যক্রম | | **২,৩৭,৯০** | **৫,০০,০০** | **৫,০০,০০** | **৬,০০,০০** | **৬,৩০,০০** | **৬,৬২,০০** |
| মোট : | | **১৭,২৫,৩৫** | **২৭,৮৯,৭০** | **৩০,৯৮,৩৩** | **৩০,৭৪,০০** | **৩৩,৩৯,০০** | **৩৫,২৯,০০** |

## ৬.২ আইন কমিশন

**৬.২.১ সাম্প্রতিক অর্জন:** The Negotiable Instrument Act, 1881, **তথ্য অধিকার আইন, ২০০৯, শিশু আইন, ২০২৩,** The Code of Criminal Procedure, 1898, **ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১, ফাইন্যান্স কোম্পানী আইন, ২০২৩,** The Guardian and Wards Act 1890, **অর্থ ঋণ আদালত আইন, ২০০৩, দেউলিয়া বিষয়ক আইন, ১৯৯৭ সংশোধনের** সুপারিশ করা **হয়।** The Negotiable Instruments Act, 1881 **এর অধীন চেক প্রত্যাখ্যান সংক্রান্ত বিদ্যমান বিধানসমূহ পর্যালোচনা, প্রতিবন্ধকতা চিহ্নিতকরণ এবং আইন সহজীকরণ ও যুগোপযোগীকরণের লক্ষ্যে সুপারিশ প্রদান শীর্ষক গবেষণা কার্যের অংশ হিসাবে ঢাকা ও রাজশাহী জেলায় সেমিনার আয়োজন করা হয়। 'শিশু আইন, ২০১৩: সংশয় অসংগতি ও বিভ্রান্তি' শীর্ষক গবেষণা কার্যের অংশ হিসাবে ঢাকা, ফরিদপুর ও কক্সবাজার জেলায় বিভিন্ন সেমিনার ও ওয়ার্কশপের আয়োজন করা হয়। উক্ত গবেষণা কার্যের অংশ হিসাবে কমিশনের কর্মকর্তাগণ কর্তৃক শিশু উন্নয়ন কেন্দ্র (বালিকা), কোনাবাড়ী, গাজীপুর, শিশু উন্নয়ন কেন্দ্র (বালক), টঙ্গী, গাজীপুর এবং মহিলা ও শিশু কিশোরী হেফাজতীদের নিরাপদ আবাসন কেন্দ্র (সেফহোম), টেপাখোলা, ফরিদপুর পরিদর্শন করা হয়েছে।**

### ৬.২.২ কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক এবং নির্দেশকের লক্ষ্যমাত্রা

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১. যে সকল আইনের ধারা দ্রুত মামলা নিষ্পত্তিতে অন্তরায় হিসেবে কাজ করে তা পরীক্ষা-নিরীক্ষান্তে সংশোধন বা ক্ষেত্রমত নতুন আইন প্রণয়নের সুপারিশ করা | সুপারিশকৃত আইন | ১ | সংখ্যা | ১৫ | ১২ | ১৯ | ২০ | ২২ | ২৫ | ২৬ |

### ৬.২.৩ অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পওয়ারি মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন

(হাজার টাকায়)

| অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | প্রকৃত ২০২৪-২৫ | বাজেট | সংশোধিত বাজেট | মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| পরিচালন কার্যক্রম | | | | | | | |
| সাধারণ কার্যক্রম | | | | | | | |
| ১২৩০১০২ - আইন কমিশন | ১ | ৫,৮৩,৭৯ | ৬,৫১,০০ | ৬,০৮,৭২ | ৬,৫৯,০০ | ৬,৫০,০০ | ৭,০০,০০ |
| মোট : সাধারণ কার্যক্রম | | **৫,৮৩,৭৯** | **৬,৫১,০০** | **৬,০৮,৭২** | **৬,৫৯,০০** | **৬,৫০,০০** | **৭,০০,০০** |
| মোট : পরিচালন কার্যক্রম | | **৫,৮৩,৭৯** | **৬,৫১,০০** | **৬,০৮,৭২** | **৬,৫৯,০০** | **৬,৫০,০০** | **৭,০০,০০** |
| মোট : | | **৫,৮৩,৭৯** | **৬,৫১,০০** | **৬,০৮,৭২** | **৬,৫৯,০০** | **৬,৫০,০০** | **৭,০০,০০** |

## ৬.৩ জাতীয় মানবাধিকার কমিশন

**৬.৩.১ সাম্প্রতিক অর্জন:** রাষ্ট্র ও সমাজে মানবাধিকার সংস্কৃতি গড়ে তোলা মানবাধিকার কমিশনের মূল দায়িত্ব। মানবাধিকার সুরক্ষায় কমিশন নাগরিক এবং রাষ্ট্রের মধ্যে সেতুবন্ধন হিসাবে কাজ করে। মানবাধিকার বিষয়ক জনসচেতনতা বৃদ্ধিতে কমিশন অব্যাহতভাবে কাজ করে যাচ্ছে। নারী, শিশু, প্রতিবন্ধী ব্যক্তি, ধর্মীয় সংখ্যালঘু ও প্রান্তিক জনগোষ্ঠী তথা আপামর জনসাধারণের মানবাধিকার সুরক্ষা ও উন্নয়নের জন্য বিষয়ভিত্তিক থিমেটিক কমিটি গঠন করা হয়েছে। জনগণের সহজগম্যতা নিশ্চিত করার লক্ষ্যে ঢাকা শহরের কেন্দ্রস্থল, কারওয়ান বাজারে কমিশনের প্রধান কার্যালয় **ব্যতীত** জেলা সদরে ৪টি শাখা অফিস স্থাপন **করা হয়েছে**। ভুক্তভোগীদের বিচার প্রাপ্তির পথ সহজ ও সুগম করার লক্ষ্যে ৬৪টি জেলায় মানবাধিকার কমিশন আইনজীবী প্যানেল গঠন করা হয়েছে। পাশাপাশি সারাদেশের প্রায় সকল জেলায় জেলা মানবাধিকার সুরক্ষা কমিটি গঠন করা হয়েছে। **বিগত ১ বছরে প্রায় ৮৫৮টি অভিযোগ পাওয়া যায় এবং তন্মধ্যে ১৮৪টি অভিযোগ নিষ্পত্তি করা হয়েছে।**

### ৬.৩.২ কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক এবং নির্দেশকের লক্ষ্যমাত্রা

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১. মানবাধিকার সংরক্ষণ ও উন্নয়নের লক্ষ্যে মৌলিক অধিকার পরিপন্থী আইন বাতিল ও প্রয়োজনীয় আইন এবং প্রশাসনিক নির্দেশনা প্রণয়নের বিষয়ে সরকারকে পরামর্শ ও সহযোগিতা প্রদান এবং মৌলিক মানবাধিকার বাস্তবায়নের জন্য আইন প্রনয়নের সুপারিশ করা | প্রতিকার পরিস্থিতির উন্নতি | ৩ | সংখ্যা | ৩৭০ | ২৯০ | ৪১০ | ৪১০ | ৪২০ | ৪২৫ | ৪৩০ |
| ২. মানবাধিকার বিষয়ক চুক্তি ও অন্যান্য আন্তর্জাতিক দলিলাদির উপর গবেষণা এবং বাংলাদেশের আইনের সাদৃশ্য পরীক্ষা ও সমন্বয় নিশ্চিত করা | আন্তর্জাতিক দলিলাদির উপর গবেষণা কার্যক্রম সম্পাদন | ৩ | সংখ্যা | ৪০ | ২৮ | ৪০ | ৪৫ | ৪৮ | ৫০ | ৫৫ |
| ৩. মানবাধিকার শিক্ষার প্রচার এবং প্রকাশনা ও মানবাধিকার সংরক্ষণ সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধির কার্যক্রম গ্রহণ | মানবাধিকার সম্পর্কে প্রচার ও প্রকাশনা | ৩ | সংখ্যা | ৬৫ | ৫৭ | ৭০ | ৭৫ | ৮০ | ৮৫ | ৯০ |
| ৪. মানবাধিকার সংক্রান্ত অভিযোগ তদন্ত ও নিষ্পত্তি | অভিযোগ নিষ্পত্তি | ৩ | % | ৯৫ | ৮৮ | ৯০ | ৯৫ | ১০০ | ১০০ | ১০০ |

### ৬.৩.৩ অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পওয়ারি মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন

(হাজার টাকায়)

| অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | প্রকৃত ২০২৪-২৫ | বাজেট | সংশোধিত বাজেট | মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| সহায়তা কার্যক্রম | | | | | | | |
| ১৩১০০৪০০০ - জাতীয় মানবাধিকার কমিশন | ১-৪ | ১২,৯৮,৪০ | ১২,৩৪,৩০ | ১০,৫৫,৮০ | ১২,০৯,০০ | ১২,০০,০০ | ১২,২০,০০ |
| মোট : সহায়তা কার্যক্রম | | **১২,৯৮,৪০** | **১২,৩৪,৩০** | **১০,৫৫,৮০** | **১২,০৯,০০** | **১২,০০,০০** | **১২,২০,০০** |
| মোট : পরিচালন কার্যক্রম | | **১২,৯৮,৪০** | **১২,৩৪,৩০** | **১০,৫৫,৮০** | **১২,০৯,০০** | **১২,০০,০০** | **১২,২০,০০** |
| মোট : | | **১২,৯৮,৪০** | **১২,৩৪,৩০** | **১০,৫৫,৮০** | **১২,০৯,০০** | **১২,০০,০০** | **১২,২০,০০** |